"বীমা এজেন্ট নিয়োগ ও নিবন্ধন প্রবিধানমালা, ২০২১"

বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন) এর ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, ধারা ১২৪ এর সহিত পঠিতব্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা: —

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন। — (১) এই প্রবিধানমালা "বীমা এজেন্ট নিয়োগ ও নিবন্ধন প্রবিধানমালা, ২০২১" নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা। — (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ৩ এ বর্ণিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) "প্রশিক্ষণ সনদ" অর্থ কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান কর্তৃক বীমা এজেন্ট প্রশিক্ষণ কোর্স সমাপ্তির সনদ;

(ঘ) "নিয়োগপূর্ব পরীক্ষা" অর্থ বীমাকারী বা ব্রোকার কর্তৃক নিয়োগ প্রদানের পূর্বে অনুষ্ঠিত লিখিত বা মৌখিক বা ব্যবহারিক বা সকল প্রকার পরীক্ষা;

(ঙ) "নিয়োগ" অর্থ বীমা এজেন্ট হিসেবে কাজ করিবার নিমিত্ত এই প্রবিধানমালার অধীনে বীমাকারী বা ব্রোকার কর্তৃক ১ (এক) বৎসরের জন্য অস্থায়ী নিয়োগ;

(চ) "মনোনীত কর্মকর্তা" অর্থ বীমাকারী বা ব্রোকার কর্তৃক এই প্রবিধানমালার অধীনে নিয়োগ ও নিবন্ধনের জন্য মনোনীত কর্মকর্তা;

(ছ) "দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা" অর্থ কর্তৃপক্ষ কর্তৃক এই প্রবিধানমালার অধীনে লাইসেন্স ইস্যু বা নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা;

(জ) "লাইসেন্স" অর্থ নির্দিষ্ট মেয়াদের জন্য কোন ব্যক্তি বাংলাদেশে বীমা ব্যবসা অর্জন বা সংগ্রহের কাজ করিবার নিমিত্ত বীমাকারী বা ব্রোকার কর্তৃক অস্থায়ীভাবে নিয়োগকৃত এজেন্টকে যোগ্যতা অর্জন সাপেক্ষে এই প্রবিধানমালার অধীনে কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স যাহা নবায়নযোগ্য;

(ঝ) "লাইফ বীমা এজেন্ট" অর্থ বাংলাদেশে লাইফ বীমা ব্যবসা অর্জন বা সংগ্রহের জন্য নিয়োগপ্রাপ্ত বা লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি;

(ঞ) "নন-লাইফ বীমা এজেন্ট" অর্থ বাংলাদেশে নন-লাইফ বীমা ব্যবসা অর্জন বা সংগ্রহের জন্য নিয়োগপ্রাপ্ত বা লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি;

(ট) "অব্যাহতি আদেশ" অর্থ কোন নিবন্ধীকৃত বীমা এজেন্টকে তাহার পূর্বতন নিবন্ধনকারী বীমাকারী বা ব্রোকারের নিকট হইতে বীমা আইন, ২০১০ এর ১২৪ (৬) ধারায় বর্ণিত অব্যাহতি পত্র;

(ঠ) "নিবন্ধীকরণ" অর্থ বীমা এজেন্ট হিসেবে কাজ করিবার নিমিত্ত এই প্রবিধানমালার অধীনে বীমাকারী বা ব্রোকার কর্তৃক সংরক্ষিত রেজিস্টার বা ডিজিটাল রেজিস্টারে নিবন্ধন;

(ড) "নিবন্ধন" অর্থ বীমাকারী বা ব্রোকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত এজেন্টের নাম এবং তথ্য সংরক্ষিত রেজিস্টার বা ডিজিটাল রেজিস্টারে লিপিবদ্ধকরণ;

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই প্রবিধানমালায়ও উক্ত অর্থ বুঝাইবে।

৩। বীমাকারী বা ব্রোকার কর্তৃক নিয়োগ ও নিবন্ধনের জন্য আবেদনকারীর যোগ্যতা। — (১) বীমা আইন, ২০১০ এর ধারা ১২৪ এর উপ-ধারা ১ এর বিধান মোতাবেক বীমাকারী বা ব্রোকার প্রবিধি ৩(২) এবং ৩(৩) এ নিম্নলিখিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিকে বীমা এজেন্ট হিসেবে নিয়োগ ও নিবন্ধন করিবেঃ

(ক) বীমা এজেন্ট হিসেবে নিয়োগ ও নিবন্ধনের জন্য আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ বছর হইতে হইবে;

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

(খ) স্বীকৃত বোর্ডের অধীন অন্যূন এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;

(গ) বীমাকারী বা ব্রোকার কর্তৃক অব্যাহতিপ্রাপ্ত এজেন্টের ক্ষেত্রে-

(অ) বীমাকারী বা ব্রোকারের নিকট হতে প্রাপ্ত ছাড়পত্র এবং লেনদেন নিষ্পত্তির প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি;

(আ) কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সের কপি;

(ঘ) মনোনীত কর্মকর্তা বীমা এজেন্ট নিয়োগ ও নিবন্ধনের ক্ষেত্রে এই মর্মে সন্তুষ্ট হইবেন যে,

(অ) আবেদনকারী ফরম-১ এর চাহিত সকল তথ্যাদি যথাযথভাবে পূরণ এবং সংশ্লিষ্ট সকল কাগজাদির সত্যায়িত কপি জমা দিয়েছেন;

(আ) প্রবিধি-৮ এর অধীনে কোন অযোগ্যতা ধারণ করেন না;

(২) মনোনীত কর্মকর্তা নতুন নিয়োগপ্রাপ্ত এজেন্টের জন্য একটি বীমা এজেন্ট "কোড নম্বর" বরাদ্দ করিবেন, যেখানে বীমাকারী বা ব্রোকারের নামের কোড সংযুক্ত থাকিবে।

(৩) মনোনীত কর্মকর্তা নিয়োগপ্রাপ্ত এজেন্টের সনাক্তকরণের জন্য একটি "আইডেনটিটি কার্ড (পরিচয়পত্র)" ইস্যু করিবেন, যেখানে বীমাকারীর বা ব্রোকারের মনোগ্রাম বা লোগো এবং এজেন্ট কোড নম্বর লিপিবদ্ধ থাকিবে।

(৪) মনোনীত কর্মকর্তা নিয়োগপ্রাপ্ত ও নিবন্ধীকৃত বীমা এজেন্ট সংক্রান্ত তথ্য হার্ডকপির পাশাপাশি অনলাইনে ডিজিটাল প্রযুক্তিতে সংরক্ষণ ও হালনাগাদ করিবেন।

৪। বীমাকারী বা ব্রোকার কর্তৃক নিয়োগ ও নিবন্ধীকরণের পদ্ধতি।— (১) এই প্রবিধানমালার প্রবিধান ৩ এ আবেদনকারীর নিয়োগ ও নিবন্ধনের ক্ষেত্রে যে যোগ্যতাসমূহ রয়েছে তা পূরণকল্পে বীমা এজেন্ট হিসেবে নিয়োগ ও নিবন্ধনের জন্য ফরম-১ পূরণ করে বীমাকারী বা ব্রোকার বরাবর আবেদন করিতে হইবে। মনোনীত কর্মকর্তা নিজেকে সন্তুষ্ট করিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতঃ যদি মনে করেন যে, বীমা এজেন্টের নিয়োগ ও নিবন্ধনের আবেদন যথাযথভাবে করা হইয়াছে, তবে ফরম-২ মোতাবেক ১ (এক) বৎসর মেয়াদে বীমাকারী বা ব্রোকার নিয়োগ ও ছক-খ অনুযায়ী নিবন্ধন করিবেন।

(২) বীমা এজেন্ট হিসেবে নিয়োগ ও নিবন্ধনের পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক লাইসেন্স ইস্যু ও নবায়নের জন্য নিবন্ধিত বীমা এজেন্ট কর্তৃক পরিশোধযোগ্য ফি এর পরিমাণ এবং উক্ত ফি পরিশোধের পদ্ধতি প্রবিধান ৭ এ বর্ণিত বিধানাবলী অনুযায়ী হইবে।

৫। এজেন্ট লাইসেন্স প্রাপ্তি এবং নবায়নের ক্ষেত্রে এজেন্ট এর যোগ্যতা।— (১) বীমা আইন, ২০১০ এর ধারা ১২৪ এর উপ-ধারা ১ এ বর্ণিত বিধান মোতাবেক প্রবিধি ৩ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে মনোনীত কর্মকর্তা কর্তৃক নিয়োগ ও নিবন্ধিকরণের ১ বৎসর পর নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন একজন অস্থায়ী এজেন্টকে স্থায়ীভাবে বীমা পেশাজীবী হিসেবে বীমা ব্যবসা অর্জন ও সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা লাইসেন্স প্রদান ও নবায়ন করিবেন এবং উক্ত তথ্যাদি ছক-খ অনুযায়ী হার্ডকপির পাশাপাশি অনলাইনে ডিজিটাল প্রযুক্তিতে সংরক্ষণ ও হালনাগাদ করিবেন।

(ক) লাইফ ইন্স্যুরেন্স এজেন্টের ক্ষেত্রে যোগ্যতা:—

অ. আবেদনকারীকে মনোনীত কর্মকর্তার মাধ্যমে ১ বৎসর শেষ হওয়ার পরবর্তী ৩০ দিনের মধ্যে কর্তৃপক্ষের নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে;

আ. শিক্ষাগত যোগ্যতা অন্যূন যিনি কোন স্বীকৃত বোর্ডের অধীনে এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন,

তবে শর্ত থাকে যে, এই প্রবিধানমালা কার্যকর হইবার পূর্বে লাইসেন্স প্রাপ্ত বীমা এজেন্টগণের ক্ষেত্রে এই শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হইবে না;

ই. কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে বাধ্যতামূলক ৭২ ঘন্টার প্রশিক্ষণপ্রাপ্ত হইয়াছেন মর্মে মনোনীত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্রসহ প্রশিক্ষণের সনদ দাখিল করিতে হইবে;

ঈ. আবেদনকারীকে ১ বৎসরে ১১ টি নতুন পলিসি সংগ্রহ করিতে হইবে এবং নতুন প্রিমিয়াম সংগ্রহের বিপরীতে ২০,০০০/- টাকার কমিশন আয় করিতে হইবে এবং বীমাকারীকে কমিশনের উপর উৎস স্থলে কর কর্তনের সনদ দাখিল করিতে হইবে;

উ. এজেন্ট লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের ৩০ দিন পূর্বে নবায়নের জন্য প্রবিধি ৭ এ উল্লিখিত নবায়ন ফি সহ বীমাকারীর মাধ্যমে কর্তৃপক্ষের বরাবরে আবেদন করিতে হইবে;

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

উ. লাইসেন্স নবায়নের ক্ষেত্রে প্রথম বর্ষ প্রিমিয়ামের বিপরীতে দ্বিতীয় বর্ষের নবায়ন প্রিমিয়াম সংরক্ষণের হার ন্যূনতম ৫০% থাকিতে হইবে;

ঋ. লাইসেন্স নবায়নের ক্ষেত্রে প্রত্যেক এজেন্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বা স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে বাধ্যতামূলক ৩৬ ঘন্টা প্রশিক্ষণপ্রাপ্ত হইয়াছেন মর্মে মনোনীত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্রসহ প্রশিক্ষণের সনদপত্র আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে;

এ. প্রবিধি ৬ এর উপ-প্রবিধি (৩) এ বর্ণিত মেয়াদকালের জন্য কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স নবায়ন করিতে হইবে।

(খ) নন-লাইফ ইন্স্যুরেন্স এজেন্টের ক্ষেত্রে যোগ্যতা:—

অ. আবেদনকারীকে মনোনীত কর্মকর্তার মাধ্যমে ১ বৎসর শেষ হওয়ার পরবর্তী ৩০ দিনের মধ্যে কর্তৃপক্ষের নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে;

আ. শিক্ষাগত যোগ্যতা অন্যূন যিনি কোন স্বীকৃত বোর্ডের অধীনে এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন,

তবে শর্ত থাকে যে, এই প্রবিধানমালা কার্যকর হইবার পূর্বে লাইসেন্স প্রাপ্ত বীমা এজেন্টগণের ক্ষেত্রে এই শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হইবে না;

ই. কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে বাধ্যতামূলক ৭২ ঘন্টার প্রশিক্ষণপ্রাপ্ত হইয়াছেন মর্মে মনোনীত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্রসহ প্রশিক্ষণের সনদ দাখিল করিতে হইবে;

ঈ. আবেদনকারী সংশ্লিষ্ট বীমাকারকের নিকট হইতে এরূপ প্রত্যয়ন পেশ করিতে হইবে যে, অস্থায়ী এজেন্ট হিসেবে কর্মকালীন সময়ে ১ লক্ষ টাকার প্রিমিয়াম সংগ্রহ করিয়াছেন এবং বীমাকারী বা ব্রোকার কর্তৃক উক্ত সংগৃহীত প্রিমিয়ামের উপর প্রদত্ত কমিশনের উপর উৎস স্থলে কর কর্তনের সনদপত্র দাখিল করিতে হইবে;

উ. এজেন্ট লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের ৩০ দিন পূর্বে নবায়নের জন্য প্রবিধি ৭ এ উল্লিখিত নবায়ন ফি সহ বীমাকারীর মাধ্যমে কর্তৃপক্ষের বরাবরে আবেদন করিতে হইবে;

ঊ. লাইসেন্স নবায়নের ক্ষেত্রে প্রত্যেক এজেন্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বা স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে বাধ্যতামূলক ৩৬ ঘন্টার প্রশিক্ষণপ্রাপ্ত হইয়াছেন মর্মে মনোনীত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্রসহ প্রশিক্ষণের সনদপত্র আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে;

ঋ. প্রবিধি ৬ এর উপ-প্রবিধি (৩) এ বর্ণিত মেয়াদকালের জন্য কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স নবায়ন করিতে হইবে।

৬। লাইসেন্সের জন্য আবেদনের পদ্ধতি।— (১) এই প্রবিধানমালার প্রবিধান ৫ এর উপ-প্রবিধি ২ এর (ক) ও (খ) এর এজেন্টের ক্ষেত্রে যে যোগ্যতাসমূহ রয়েছে তা পূরণকল্পে বীমা এজেন্ট হিসেবে লাইসেন্স ইস্যু ও নবায়নের জন্য ফরম-৩ ও ফরম-৫ এর মাধ্যমে কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে।

(২) বীমা এজেন্ট হিসেবে নিয়োগ ও নিবন্ধনের পর কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স ইস্যু ও নবায়নের জন্য আবেদনকারী কর্তৃক পরিশোধযোগ্য ফি এর পরিমাণ এবং উক্ত ফি পরিশোধের পদ্ধতি প্রবিধান ৭ এ বর্ণিত বিধানাবলী অনুযায়ী হইবে।

(৩) কর্তৃপক্ষ বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিজেকে সন্তুষ্ট করিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতঃ যদি মনে করেন যে, বীমা এজেন্টের নিয়োগ ও নিবন্ধন যথাযথভাবে করা হইয়াছে, তবে কর্তৃপক্ষ ফরম-৪ ও ফরম-৬ মোতাবেক ০৩ (তিন) বৎসর মেয়াদে লাইসেন্স ইস্যু ও ০৩ (তিন) বৎসর মেয়াদে লাইসেন্স নবায়ন করিবেন।

৭। পরিশোধযোগ্য ফি।— (১) বীমা এজেন্ট হিসেবে লাইসেন্স ইস্যু ও নবায়নের নিমিত্ত লাইফ ও নন-লাইফ বীমা এজেন্টের পরিশোধযোগ্য ফি নিম্নরূপ হইবে:—

(অ) বীমা এজেন্ট লাইসেন্সের জন্য = ১০০০/- (এক হাজার) টাকা;

(আ) বীমা এজেন্ট লাইসেন্স নবায়নের জন্য = ১৫০০/-(এক হাজার পাঁচশত টাকা);

(ই) প্রত্যেক ক্ষেত্রে তিন মাসের মধ্যে বিলম্বের জন্য = ১০০/- (একশত) টাকা এবং তদূর্ধ মাসের জন্য ৬০০ (ছয়শত) টাকা;

(ঈ) প্রতিলিপি লাইসেন্সের জন্য ফি = ১০০/- (একশত) টাকা;

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

তবে শর্ত থাকে যে, সময়ে সময়ে প্রদেয় সকল ফি এর পরিমাণ কর্তৃপক্ষ সার্কুলারের মাধ্যমে হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে।

(২) লাইসেন্স ইস্যু ও নবায়নের নিমিত্ত প্রদেয় সকল ফি কর্তৃপক্ষ বরাবর ব্যাংক ড্রাফট/পে অর্ডার/অনলাইন পেমেন্ট এর মাধ্যমে জমা করিবে।

৮। অযোগ্যতা।— (১) বীমা ব্যবসায়ে নিয়োগ ও নিবন্ধন, লাইসেন্স ইস্যু ও নবায়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি অযোগ্যতা বলিয়া গণ্য হইবেঃ

(ক) আবেদনকারী অপ্রাপ্তবয়স্ক হইলে;

(খ) আবেদনকারীকে অপ্রকৃতিস্থ মর্মে উপযুক্ত আদালত কর্তৃক ঘোষণা করা হইয়াছে;

(গ) আবেদনকারী কোন উপযুক্ত আদালত কর্তৃক ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত হইলে এবং উক্ত দন্ড ভোগের পর ২ বৎসর অতিক্রান্ত না হইলে;

(ঘ) আবেদনকারী যদি বীমা পলিসিসংক্রান্ত কোন বিচারিক প্রক্রিয়ায় বা বীমা কোম্পানির অবসায়নে বা বীমাকারীর কোন কার্যের তদন্তকালে দোষী মর্মে প্রতীয়মান হয় অথবা দেখা যায় যে, আবেদনকারী কোন প্রতারণা, অসততা বা অপপ্রয়োগে অথবা প্রতারণা, অসততা বা অপপ্রয়োগের ষড়যন্ত্রে অংশগ্রহণ করিয়াছেন যাহা বীমাকারী বা বীমাগ্রহীতার স্বার্থের পরিপন্থি;

(ঙ) আবেদনকারী এই প্রবিধানমালার প্রবিধান- ৯ এ বর্ণিত আচরণবিধি লঙ্ঘন করিয়াছেন;

(চ) আবেদনকারী কোন বীমাকারী বা ব্রোকারের পরিচালনা পর্ষদের সদস্য বা কর্মকর্তা বা কর্মচারী হইলে;

(ছ) আবেদনকারী অন্যকোন বীমাকারী বা ব্রোকারের অধীনে কাজ করেন;

(জ) আবেদনকারী বহিষ্কৃত বা বাতিলকৃত বীমা এজেন্টের তালিকায় অন্তর্ভুক্ত;

(ঝ) একই বীমা শ্রেণীর এজেন্ট না হইলে;

৯। আচরণবিধি।— (১) এই প্রবিধানমালার অধীনে নিয়োগপ্রাপ্ত প্রত্যেক এজেন্টকে নিম্নবর্ণিত আচরণবিধি মানিয়া চলিতে হইবে:—

প্রত্যেক বীমা এজেন্ট অবশ্যই-

(ক) নিজের এবং তাহার বীমাকারী বা ব্রোকারের পরিচয় দিবেন;

(খ) বীমাগ্রহীতা চাহিবামাত্র তাহার পরিচয়পত্র প্রকাশ করিবেন;

(গ) বীমাকারী বা ব্রোকারের বীমাপণ্য/বীমা পরিকল্প ব্যবসায়ের নিমিত্ত সঠিক তথ্যাদি প্রচার করিবেন, এক্ষেত্রে কোন অতিরঞ্জিত বা মিথ্যা তথ্য প্রদান করিয়া বিভ্রান্ত করিবেন না এবং বীমাগ্রহীতার নিকট কোন সুনির্দিষ্ট বীমা পণ্য/বীমা পরিকল্প সুপারিশকালে বীমাগ্রহীতার প্রয়োজন বিবেচনায় রাখিবেন;

(ঘ) বীমাপণ্য ব্যবসায়ের নিমিত্ত বীমাকারী কর্তৃক ধার্যকৃত প্রিমিয়াম প্রকাশ করিবেন;

(ঙ) বীমাচুক্তির ক্ষেত্রে বীমাগ্রহীতার নিকট প্রস্তাব পত্রের সঠিক তথ্যের প্রকৃতি এবং মূল তথ্যাদি প্রকাশের গুরুত্ব বীমাগ্রহীতার নিকট ব্যাখ্যা করিবেন;

(চ) বীমাগ্রহীতা যদি কোন নৈতিকতা বিরোধী কর্মকান্ডে লিপ্ত থাকেন অথবা বীমাকারীর নিকট দাখিলকৃত প্রস্তাবের সহিত বীমাগ্রহীতার আয়ের অসঙ্গতি থাকিলে তবে তাহা বীমাকারীর নজরে আনয়ন করিবেন এবং বীমাগ্রহীতা সম্পর্কে প্রয়োজনীয় অনুসন্ধান করতঃ অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্যাদি যাহার ফলে প্রস্তাব গৃহীত হইলে বীমাকারীর অবলিখন সিদ্ধান্ত ক্ষতিগ্রস্ত হইতে পারে তাহাও বীমাকারীর নজরে আনয়ন করিবেন;

(ছ) বীমাকারী কর্তৃক বীমার প্রস্তাব গ্রহণ বা প্রত্যাখ্যানের বিষয়ে বীমাগ্রহীতাকে লিখিতভাবে জ্ঞাত করিবেন;

(জ) বীমা প্রস্তাব দাখিলের সময় প্রয়োজনীয় কাগজাদি গ্রহণ করিবেন এবং পরবর্তীতে বীমাকারী কর্তৃক প্রস্তাব চূড়ান্তকরণের জন্য চাহিদাকৃত অন্যান্য কাগজাদিও গ্রহণ করিবেন;

(ঝ) পলিসিগ্রাহক বা দাবিকারক বা উপকারভোগীদের বীমাকারী কর্তৃক দাবি দ্রুত নিষ্পত্তির ক্ষেত্রে প্রয়োজনীয় সকল সহায়তা/ সহযোগিতা প্রদান করিবেন;

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

(ঞ) প্রত্যেক বীমা এজেন্ট বীমাগ্রাহককে ক্ষেত্রমত নমিনি'র নাম পরিবর্তন বা ঠিকানা পরিবর্তন করিতে ইচ্ছা ব্যক্ত করিবার ক্ষেত্রে পরামর্শ প্রদান করিবেন;

(ট) বীমাগ্রহীতার প্রিমিয়াম বীমাকারীর নির্ধারিত ব্যাংক হিসাবে জমাকরণের ক্ষেত্রে সহযোগিতা করিবেন, কখনও প্রিমিয়ামের অর্থ বীমা এজেন্ট নগদে গ্রহণ করিতে পারিবেন না;

(ঠ) বীমাগ্রহীতাকে পলিসির ঝুঁকি নির্ধারণের ক্ষেত্রে বীমাকারী কর্তৃক নির্ধারিত অবলিখন চাহিদার সঠিক তথ্য প্রদান করিবেন এবং অবলিখন চাহিদা মোতাবেক বীমাগ্রহীতার সঠিক তথ্য প্রদানে সহযোগিতা করিবেন।

১০। তদন্ত বা পরিদর্শনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত।—

(১) কর্তৃপক্ষ বীমাকারী বা ব্রোকার তথা বীমা এজেন্টের নিকট হইতে যে কোন তথ্য চাহিতে পারিবে এবং বীমাকারী বা ব্রোকার বা বীমা এজেন্ট কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত সময়ের মধ্যে চাহিত তথ্য প্রদান করিবেন।

(২) কর্তৃপক্ষ প্রয়োজনে তদন্ত বা পরিদর্শনের জন্য এক বা একাধিক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিতে পারিবে।

(৩) তদন্তকারী কর্মকর্তা-

ক) বীমা এজেন্ট বীমা আইন তৎসহ সংশ্লিষ্ট বিধি-প্রবিধান এবং কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করিতেছেন কিনা তাহা যাচাই করিতে পারিবেন।

খ) বীমাকারী বা ব্রোকার বা বীমাগ্রহীতা বা বীমা এজেন্টের কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট কোন ব্যক্তি কর্তৃক গুরুতর অভিযোগ দাখিলের প্রেক্ষিতে অভিযোগের সত্যতা যাচাই করিতে পারিবে।

গ) বীমা এজেন্ট সংশ্লিষ্ট বীমাগ্রাহকের হিসাব বই, রেকর্ড এবং প্রয়োজনীয় কাগজাদি যথাযথভাবে সংরক্ষণ করিতেছেন কিনা তাহা যাচাই করিতে পারিবে।

(৪) তদন্তকারী কর্মকর্তা তদন্ত বা পরিদর্শনের সময়ে বীমা এজেন্টের নিকট হইতে প্রাপ্ত মৌখিক বক্তব্য, বীমা এজেন্টের অধিকারভুক্ত কোন প্রকার কাগজাদি, হিসাব অথবা অন্য কোন বক্তব্য তদন্ত বা পরিদর্শনের স্বার্থে প্রমাণ হিসেবে ব্যবহার করিতে পারিবেন।

(৫) তদন্তকারী কর্মকর্তা তদন্ত বা পরিদর্শন সমাপ্তির ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রমাণাদিসহ তদন্ত বা পরিদর্শন রিপোর্ট কর্তৃপক্ষে জমা দিবেন।

(৬) তদন্তকারী কর্মকর্তা কর্তৃক আনীত অভিযোগে বীমা এজেন্ট সন্তোষজনক ব্যাখ্যা প্রদানে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ উক্ত বীমা এজেন্টকে বহিষ্কার বা শর্ত আরোপ সাপেক্ষে সংশোধনের সুযোগ প্রদান করিতে পারিবে।

(৭) কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত শর্ত পালনে ব্যর্থ হইলে বা সংশোধিত নাহইলে কর্তৃপক্ষ তাহার লাইসেন্স বাতিল করিতে পারিবে।

১১। নিয়োগ বাতিল।— (১) প্রবিধান- ৮ এ উল্লিখিত এক বা একাধিক অযোগ্যতা বীমা এজেন্ট ধারণ করিলে, বীমাকারী উক্ত বীমা এজেন্টের নিয়োগ বাতিল করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষ বীমাকারী বা ব্রোকারকে যেকোন সময়ে কোন বীমা এজেন্টকে অব্যাহতির নির্দেশ দিতে বা লাইসেন্স বাতিল করিতে পারিবে, যদি কোন বীমা এজেন্ট-

(ক) বীমা আইন, বিধি-প্রবিধান এবং কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা লঙ্ঘন করেন;

(খ) ০৮ নং প্রবিধিতে উল্লিখিত এক বা একাধিক অযোগ্যতা ধারণ করিলে;

(গ) ০৯ নং প্রবিধিতে উল্লিখিত আচরণবিধি পরিপালনে ব্যর্থ হইলে;

(ঘ) বীমা এজেন্ট নিয়োগপত্রের আবেদনে ভুল বা মিথ্যা তথ্য প্রদান করিলে অথবা অত্যাবশ্যকীয় তথ্য গোপন করিলে বা দিতে ব্যর্থ হইলে;

(ঙ) ছক-ক অনুযায়ী তথ্যাদি দাখিল না করা হইলে;

(চ) তদন্ত বা পরিদর্শনকালে বা অনুসন্ধানের ক্ষেত্রে সহায়তা না করা হইলে;

(ছ) বীমা এজেন্টের কার্যপরিধির অন্তর্ভুক্ত কোন তথ্য বীমাকারী বা ব্রোকার বা কর্তৃপক্ষকে সরবরাহ করিতে ব্যর্থ হইলে;

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

(জ) সুনির্দিষ্ট অভিযোগের ক্ষেত্রে সন্তোষজনক জবাব দিতে ব্যর্থ হইলে।

(২) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কারণ উল্লেখপূর্বক ৩০ দিনের মধ্যে আবেদনকারীর আবেদনটি বাতিল করিতে পারিবেন।

(৩) আবেদনকারীর আবেদনটি বাতিলের প্রেক্ষিতে আবেদনকারী সংক্ষুব্ধ হইলে তিনি ৪৫ দিনের মধ্যে রিভিউ এর (সময়, ফরম ও ফি) প্রবিধানমালা, ২০১৫ অনুযায়ী রিভিউ আবেদন করিতে পারিবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ৯০ দিনের মধ্যে কর্তৃপক্ষের সিদ্ধান্ত আবেদনকারীকে অবহিত করিবেন।

১২। লাইসেন্সের প্রতিলিপি প্রদান।— দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বীমা এজেন্টের হারানো, বিনষ্ট হওয়া বা কাটাছেঁড়া লাইসেন্সের বিপরীতে প্রতিলিপি লাইসেন্স ইস্যু করিতে পারিবেন। প্রতিলিপি লাইসেন্স প্রাপ্তির ক্ষেত্রে প্রবিধি ৭ এ উল্লিখিত পদ্ধতিতে ফি প্রদান করিতে হইবে।

১৩। বীমা এজেন্টের রেজিস্টার।— বীমা আইন ২০১০ এর ১২৪(২) ধারা অনুযায়ী প্রত্যেক বীমাকারী তাহার নিয়োগকৃত বীমা এজেন্ট এর বিষয়ে ছক-খ অনুযায়ী রেজিস্টার সংরক্ষণ করিবে। উক্ত রেজিস্টারে বীমা এজেন্টদের নাম, এজেন্ট কোড নম্বর, তাহাদের নিয়োগদানের ও অব্যাহতির তারিখ লিপিবদ্ধ করিবে এবং রেজিস্টারের একটি অনুলিপি প্রতি বৎসর কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে। উক্ত তালিকায় কোন সংযোজন বা বিয়োজনের ক্ষেত্রে বাদ পড়া বা অন্তর্ভুক্তির বিষয়ে নির্ধারিত ছক-ক অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে কর্তৃপক্ষকে অবহিত করিবে এবং বীমাকারী বা ব্রোকার নিবন্ধন বহি হার্ডকপির পাশাপাশি ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করিবে এবং তাহা কর্তৃপক্ষের ডাটাবেজের সহিত সংযুক্ত থাকিবে।

১৪। বীমা এজেন্টের বীমাকারী বা ব্রোকার পরিবর্তন।— কোন বীমাকারী বা ব্রোকার কোন নিবন্ধীকৃত বীমা এজেন্টকে তাহার পূর্বতন নিবন্ধনকারী বীমাকারী বা ব্রোকারের নিকট হইতে অব্যাহতি আদেশ ব্যতিত তাহার অধীনে বীমা এজেন্ট হিসেবে নিয়োগ করিবে না। তবে শর্ত থাকে যে, বীমা এজেন্ট পদত্যাগের আবেদনপত্র বীমাকারী বা ব্রোকারের নিকট দাখিল করিলে এবং তাহার নিকট কোন পাওনা না থাকিলে বীমাকারী বা ব্রোকার উক্ত অবেদনপত্র দাখিলের তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে তাহাকে অব্যাহতি আদেশ প্রদান করিবে। অপরদিকে বীমা এজেন্টের বীমাকারী বা ব্রোকারের নিকট কোন দেনা-পাওনা থাকিলে বীমাকারী বা ব্রোকার ৩০ দিনের মধ্যে তাহা নিষ্পত্তি করিবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে,

চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

ফরম-১

বীমা এজেন্টের নিয়োগ ও নিবন্ধনের জন্য আবেদন পত্র

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত)

তারিখঃ......................... লাইফ | নন-লাইফ

বরাবর
বীমাকারী বা ব্রোকারের নাম ও ঠিকানাঃ

মহোদয়,

১। বীমা এজেন্ট হিসেবে দায়িত্ব পালনের উদ্দেশ্যে আমাকে ১ (এক) বৎসর মেয়াদে নিয়োগ ও নিবন্ধন প্রদানের জন্য অনুরোধ করিতেছি। নিয়োগ বিবেচনার জন্য এতদসঙ্গে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করিলামঃ

(ক) নাম (বাংলা ও ইংরেজিতে):..

(খ) পিতার নাম: ....

(গ) মাতার নাম:...

(ঘ) স্বামী/স্ত্রীর নাম:...

(ঙ) জন্ম তারিখ: ....

(চ) আবেদনের তারিখে বয়স: ....

(ছ) বর্তমান ঠিকানা: ....

(জ) স্থায়ী ঠিকানা: ....

(ঝ) জাতীয়তা: ....

(ঞ) ধর্ম: ....

(ট) প্রশিক্ষণ (যদি থাকে) :...

(ঠ) ব্যাংকের নাম ও হিসাব নম্বর:...

(ড) শিক্ষাগত যোগ্যতা: .... (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মূল সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত)

(ঢ) জাতীয় পরিচয়পত্র নম্বর.. (ফটোকপি সংযুক্ত)

(ণ) জন্ম নিবন্ধন সনদের নম্বর/পাসপোর্ট নম্বর .... (জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্টের ফটোকপি)

(ত) পূর্ববর্তী নিয়োগের তথ্য (যদি থাকে-ফটোকপি সংযুক্ত)

- i) নিয়োগপত্রের নম্বর ও মেয়াদোত্তীর্ণের তারিখ: ....
- ii) লাইসেন্স নং ও মেয়াদোত্তীর্ণের তারিখ: ....
- iii) পূর্বের বীমাকারীর অব্যাহতিপত্র ও তারিখ: ....

২। এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি ও নিম্নে দেওয়া ঘোষণা সত্য এবং নিয়োগ ও নিবন্ধনের জন্য যে আবেদন করিয়াছি তাহা কেবলমাত্র বীমা ব্যবসা অর্জন ও সংগ্রহের উদ্দেশ্যে ব্যবহৃত হইবে।

৩। পুনরায় ঘোষণা করিতেছি যে ---

(ক) কোন বীমাকারী বা ব্রোকারের পরিচালনা পর্ষদের সদস্য বা অফিস কর্মকর্তা বা কর্মচারী নই;

(খ) এজেন্ট নিয়োগ ও নিবন্ধন সংক্রান্ত অত্র প্রবিধানের প্রবিধি ৮ অনুযায়ী অযোগ্য নই;

(গ) প্রবিধি-৯ এ উল্লিখিত কোন আচরণবিধি লঙ্ঘন করি নাই।

৪। এজেন্ট নিয়োগ ও নিবন্ধনের জন্য চাহিত যোগ্যতা অনুযায়ী আমার যোগ্যতার প্রমাণসহ সমুদয় তথ্য প্রদান করিয়াছি। এমতাবস্থায় আমাকে নিয়োগ ও নিবন্ধন করে বীমা শিল্পে কাজের সুযোগ প্রদানের জন্য বিনীত অনুরোধ করিতেছি।

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

ফরম-২

বীমা এজেন্ট নিয়োগ পত্র

লাইফ	নন-লাইফ

বীমাকারী বা ব্রোকারের নাম ও ঠিকানা

এজেন্ট কোড নম্বর...

জনাব/বেগম/মিস্

পিতা ....

মাতা...

স্বামী/স্ত্রী...

জাতীয় পরিচয়পত্র...

জন্মসনদ নং/পাসপোর্ট নং...

গ্রাম ....

ডাকঘর ....

উপজেলা ....

জেলা .... কে .... হইতে .... তারিখ পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদে লাইফ/নন-লাইফ বীমা ব্যবসায়ের বীমা এজেন্ট হিসেবে দায়িত্ব পালনের জন্য নিয়োগ ও নিবন্ধন প্রদান করা হইল।

তারিখ.. খ্রিস্টাব্দ।

আবেদনকারীর ছবি ও নমুনা স্বাক্ষর

বীমাকারী বা ব্রোকার কর্তৃক
মনোনীত কর্মকর্তার স্বাক্ষর

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত)

ফরম-৩

বীমা এজেন্ট লাইসেন্সের জন্য আবেদন

লাইফ	নন-লাইফ

তারিখঃ......................................

বরাবর
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
এসবিসি টাওয়ার (৯ম তলা), ৩৭/এ
দিলকুশা বা/এ ঢাকা-১০০০.

বীমাকারী বা ব্রোকারের নাম ও ঠিকানা: ....
এজেন্ট কোড.... ....
ইস্যু ও মেয়াদোত্তীর্ণের তারিখ....................................

মহোদয়,

১। বীমা এজেন্ট হিসেবে দায়িত্ব পালনের উদ্দেশ্যে আমাকে (৩) তিন বৎসর মেয়াদে লাইসেন্স প্রদানের জন্য বিনীত অনুরোধ করিতেছি। এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করিলাম:

(ক) নাম (বাংলা ও ইংরেজিতে):...
(খ) পিতার নাম: ....
(গ) মাতার নাম:...
(ঘ) স্বামী/স্ত্রীর নাম:..
(ঙ) জন্ম তারিখ: ....
(চ) আবেদনের তারিখে বয়স: ....
(ছ) বর্তমান ঠিকানা: ....
(জ) স্থায়ী ঠিকানা: ....
(ঝ) জাতীয়তা: ....
(ঞ) ধর্ম: ....
(ট) ৭২ ঘন্টার প্রশিক্ষণ সনদ ও তারিখ:.. (বীমাকারী বা ব্রোকারের প্রত্যয়নপত্র ও প্রশিক্ষণ সনদের ফটোকপি সংযুক্ত)
(ঠ) ব্যাংকের নাম ও হিসাব নম্বর:..
(ড) শিক্ষাগত যোগ্যতা: ....(১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মূল সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত)
(ঢ) জাতীয় পরিচয়পত্র নম্বর..(জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত)
(ত) জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্ট নম্বর..(জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্টের ফটোকপি সংযুক্ত)

২। এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি ও নিম্নে দেওয়া ঘোষণা সত্য এবং অস্থায়ী নিয়োগ স্থায়ীকরণের জন্য যে আবেদন করিয়াছি তাহা কেবলমাত্র একই বীমা শ্রেণীর বীমা ব্যবসা অর্জন ও সংগ্রহের উদ্দেশ্যে ব্যবহৃত হইবে।

৩। পুনরায় ঘোষণা করিতেছি যে ---
(ক) প্রবিধি-৮ অনুযায়ী অযোগ্য নই;
(খ) কোন বীমাকারী বা ব্রোকারের পরিচালনা পর্ষদের সদস্য বা অফিস কর্মকর্তা বা কর্মচারী নই;
(গ) প্রবিধি-৯ এ উল্লিখিত কোন আচরণবিধি লঙ্ঘন করি নাই।

৪। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নামে ব্যাংক ড্রাফট/পে অর্ডার/অনলাইন পেমেন্ট এর মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকা জমাকরণের রশিদ সংযুক্ত।

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

ফরম-৪

বীমা এজেন্টের লাইসেন্স

লাইফ	নন-লাইফ

বীমাকারী বা ব্রোকারের নাম ও ঠিকানা

লাইসেন্স নম্বর...................................

জনাব...

পিতা...

মাতা...

স্বামী/স্ত্রী..

জাতীয় পরিচয়পত্র...

জন্ম সনদ নং/পাসপোর্ট নং...

গ্রাম ....

ডাকঘর ....

উপজেলা ....

জেলা...কে.................................হইতে...
.... তারিখ পর্যন্ত ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য লাইফ/নন-লাইফ বীমা ব্যবসায়ের এজেন্ট হিসেবে দায়িত্ব পালন করার জন্য লাইসেন্স প্রদান করা হইল।

ঢাকা, তারিখ.............................. খ্রিস্টাব্দ।

আবেদনকারীর ছবি ও নমুনা স্বাক্ষর

কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত
কর্মকর্তার স্বাক্ষর

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

ফরম-৫

বীমা এজেন্ট লাইসেন্স নবায়নের জন্য আবেদন

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত)

তারিখঃ.....................................   লাইফ   নন-লাইফ

বরাবর
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
এসবিসি টাওয়ার (৯ম তলা), ৩৭/এ
দিলকুশা বা/এ ঢাকা-১০০০.

বীমাকারী বা ব্রোকারের নাম ও ঠিকানা:.... ....
এজেন্ট কোড ও লাইসেন্স নম্বর..
লাইসেন্স ইস্যু ও মেয়াদোত্তীর্ণের তারিখ..............................

মহোদয়,
১। বীমা এজেন্ট হিসেবে দায়িত্ব পালনের উদ্দেশে আমাকে ৩ (তিন) বৎসর মেয়াদে লাইসেন্স নবায়নের জন্য বিনীত অনুরোধ করিতেছি। এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করিলাম:
(ক) নাম (বাংলা ও ইংরেজিতে):..
(খ) পিতার নাম: ....
(গ) মাতার নাম:..
(ঘ) স্বামী/স্ত্রীর নাম:..
(ঙ) জন্ম তারিখ: ....
(চ) আবেদনের তারিখে বয়স: ....
(ছ) বর্তমান ঠিকানা: ....
(জ) স্থায়ী ঠিকানা: ....
(ঝ) জাতীয়তা: ....
(ঞ) ধর্ম: ....
(ট) ৩৬ ঘন্টার প্রশিক্ষণ সনদ ও তারিখ: .... (ফটোকপি সংযুক্ত)
(ঠ) ব্যাংকের নাম ও হিসাব নম্বরঃ..
(ড) শিক্ষাগত যোগ্যতাঃ .... (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মূল সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত)
(ঢ) জাতীয় পরিচয়পত্র নম্বর...(জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত)
(ত) জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্ট নম্বর....................................(জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্টের ফটোকপি সংযুক্ত)
(থ) পূর্ববর্তী নিয়োগের তথ্য (যদি থাকে-ফটোকপি সংযুক্ত)
i) নিয়োগপত্রের নম্বর ও মেয়াদোত্তীর্ণের তারিখ: ....
ii) লাইসেন্স নং ও মেয়াদোত্তীর্ণের তারিখ: ....
iii) পূর্বের বীমাকারীর অব্যাহতিপত্র ও তারিখ: ....
(দ) (i) সংগৃহীত বীমা পলিসির সংখ্যা-
(ii) এ যাবৎ প্রথমবর্ষ ব্যবসায় কমিশন আয়ের পরিমাণ-
(iii) কর্তনকৃত করের পরিমাণ-
(iv) নবায়ন প্রিমিয়াম সংরক্ষণের হার-
(v) তামাদি পলিসির সংখ্যা-
(vi) পলিসি তামাদি হওয়ার কারণ- (প্রয়োজনে পৃথক কাগজে সংযুক্ত)

২। এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি ও নিম্নে দেওয়া ঘোষণা সত্য এবং লাইসেন্স নবায়নের জন্য যে আবেদন করিয়াছি তাহা কেবলমাত্র একই শ্রেণীর বীমা ব্যবসা অর্জন ও সংগ্রহের উদ্দেশ্যে ব্যবহৃত হইবে।
৩। পুনরায় ঘোষণা করিতেছি যে -------------
(ক) প্রবিধি-৮ অনুযায়ী অযোগ্য নই;
(ঙ) কোন বীমাকারী বা ব্রোকারের পরিচালনা পর্ষদের সদস্য বা অফিস কর্মকর্তা বা কর্মচারী নই;
(চ) প্রবিধি-৯ এ উল্লিখিত কোন আচরণবিধি লঙ্ঘন করি নাই।
৪। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নামে ব্যাংক ড্রাফট/পে অর্ডার/অনলাইন পেমেন্ট এর মাধ্যমে ১৫০০/- (একহাজার পাঁচশত) টাকা জমাকরণের রশিদ সংযুক্ত।

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

ফরম-৬

বীমা এজেন্টের লাইসেন্স নবায়ন

লাইফ	নন-লাইফ

বীমাকারী বা ব্রোকারের নাম ও ঠিকানা

লাইসেন্স নম্বর.....................................

জনাব...

পিতা...

মাতা...

স্বামী/স্ত্রী...

জাতীয় পরিচয়পত্র...

জন্মসনদ নং/পাসপোর্ট নং...

গ্রাম ....

ডাকঘর ....

উপজেলা ....

জেলা...কে...
. হইতে.. তারিখ পর্যন্ত ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য লাইফ/ নন-লাইফ বীমা ব্যবসায়ের এজেন্ট হিসেবে দায়িত্ব পালন করার জন্য লাইসেন্স নবায়ন করা হইল।

ঢাকা, তারিখ.............................. খ্রিস্টাব্দ।

আবেদনকারীর ছবি ও নমুনা স্বাক্ষর

কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত
কর্মকর্তার স্বাক্ষর

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

ছক-ক

বীমাকারী বা ব্রোকারের নাম ও ঠিকানা

ত্রৈমাসিক ভিত্তিতে

বীমা এজেন্ট সংযোজন/ বিয়োজন/ অন্তর্ভুক্তি সম্পর্কিত প্রতিবেদন ত্রৈমাসিক:

ক্রমিক নং	এজেন্টের নাম ও ঠিকানা	কোড নং	সংগৃহীত পলিসির সংখ্যা	প্রিমিয়াম	সংযোজন/বিয়োজন/অন্তর্ভুক্তিকরণের তথ্য	কারণ

বীমাকারীর বা ব্রোকারের
মনোনীত কর্মকর্তার স্বাক্ষর

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০

ছক-খ

বীমা এজেন্ট রেজিস্টার

ক্রমিক নং	এজেন্টের নাম ও ঠিকানা	মোবাইল নং	কোড নম্বর	NID No.	TIN No.	ব্যাংক হিসাব নং	যোগদানের তারিখ	লাইসেন্স নম্বর ও তারিখ	পূর্বে কর্মরত কোম্পানির নাম, কোড নম্বর, যোগদান ও অব্যাহতির তারিখ, অন্যান্য তথ্য (যদি থাকে)	বৎসর ভিত্তিক সংগৃহীত পলিসির সংখ্যা	বৎসর ভিত্তিক অর্জিত কমিশন	প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য	অন্যান্য তথ্য (যদি থাকে)

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ ঢাকা ১০০০